গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.munshiganj.gov.bd

তারিখ: ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৩০.৫৯০০.৪০৫.০৫.০০২.১৮.৯০

ফৌজাদারী কার্যবিধির ১৪৪ ধারা জারী

যেহেতু, মুন্সীগঞ্জ জেলায় ইউনিয়ন পরিষদসমূহে ইউনিয়ন পরিষদ সচিব এবং হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে জনবল নিয়োগের জন্য আগামী ১০-০২-২০২৪ খ্রি. তারিখ রোজ শনিবার সকাল ১০:৩০ টা হতে ১২:০০ টা পর্যন্ত প্রসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ-এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

যেহেতু, আমার বিশ্বাস জন্মেছে যে, উক্ত পরীক্ষা চলাকালে শব্দবর্ধক যন্ত্র ব্যবহার করে অথবা বে আইনী সমাবেশ ঘটিয়ে অথবা অন্য যে কোন ভাবে পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বিঘ্নিত হতে পারে;

যেহেতু, উক্ত অবস্থা প্রতিরোধকল্পে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক; এবং

সেহেতু, আমি আবুজাফর রিপন বিপিএএ, জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৪৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বর্ণিত পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার নিমিত্ত পরীক্ষার সময়সূচি অনুযায়ী পরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত বলবৎযোগ্য নিম্নরূপ আদেশ জারী করছি :

(ক) পরীক্ষা কেন্দ্রের ২০০ (দুইশত) মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী/ পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য সকলের প্রবেশ নিষিদ্ধ করা হলো;
(খ) পরীক্ষা কেন্দ্রে/ ভেন্যুর এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে সকল প্রকার মাইক ও শব্দবর্ধক যন্ত্র ব্যবহার নিষিদ্ধ করা হলো;
(গ) পরীক্ষা কেন্দ্র/ ভেন্যুর সন্নিহিত এলাকার সকল বাজার ও লোকালয়ে বাণিজ্যিক ফটোকপিয়ার মেশিনের ব্যক্তিগত ও বাণিজ্যিক ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো;
(ঘ) পরীক্ষা কেন্দ্র/ ভেন্যুর ২০০ (দুইশত) মিটার ব্যাসার্ধের বাইরে সন্নিহিত এলাকায় ০৫ (পাঁচ) বা ততোধিক লোকের একত্রে চলাচল, সমাবেশ, মিছিল, মিটিং ও লাঠিসহ যে কোন ধরণের অস্ত্র বহন সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো;

এ আদেশ বিজ্ঞপ্তি আকারে আমার স্বাক্ষর ও সীলমোহরে জারী করা হলো। শুধুমাত্র পরীক্ষা চলাকালীন সময়ের জন্য এ আদেশ প্রযোজ্য হবে। তবে এ আদেশ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, পরীক্ষা গ্রহণে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারী ও পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য হবে না।

০৮-০২-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা ম্যাজিস্ট্রেট
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

তারিখ: ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর:

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ;
২। উপপরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ;

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ;

৪। অধ্যক্ষ, প্রসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ;

৫। উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর;

৬। জনাব.....এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ;

৭। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ;

৮। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ (তাঁকে এ আদেশ মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল);

৯। অফিসার ইন-চার্জ, মুন্সীগঞ্জ সদর থানা এবং

১০। অফিস কপি।

০৮-০২-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা ম্যাজিস্ট্রেট